

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৮১

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ২৯. কিরাণ হজ্জকারীর তাওয়াফ

بَاب طَوَافِ الْقَارِنِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ مَنْصُورٍ حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ عَنْ نَافِعِ عَنْ ابْنِ عُمَرَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ مَنْ أَهَلَّ بِالْحَجِّ وَالْعُمْرَةِ كَفَاهُ لَهُمَا طَوَافٌ وَاحِدٌ وَلَا يَحِلُّ حَتَّى يَحِلَّ مِنْهُمَا

বাংলা

১৮৮১. ইবনু উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্নিত, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "যে ব্যক্তি (একত্রে) হাজ্জ ও উমরার ইহরাম বাধবে, তার ক্ষেত্রে এতদুভয়ের জন্য এক তাওয়াফই যথেষ্ট হবে এবং উভয়টি থেকে হালাল না হওয়া পর্যন্ত সে হালাল হবে না।"[1]

ফুটনোট

[1]তাহকীক্ব: এর সনদ মুসলিমের শর্তানুযায়ী সহীহ।

তাখরীজ: ইবনুল জারুদ নং ৪৬০; তাহাবী, শারহু মা'আনিল আছার ২/১৯৭; আহমাদ ২/৬৭; তিরমিযী, হাজ্জ ৯৪৮; দারুকুতনী ২/২৫৭ নং ৯৪; ইবনু হিব্বান নং ৩৯১৫, ৩৯১৬; বাইহাকী, হাজ্জ ৫/১০৭; মা'রিফাতুস সুনান ওয়াল আছার নং ১০০৪২; ইবুন হাযম আল মুহাল্লা ৭/১৭৪; ইবনু খুযাইমা, আসসহীহ ২৭৪৫; দেখুন মুসনাদুল মাউসিলী নং ২৪৯৮, ৫৫০০ ও নাসবুর রায়াহ ৩/১০৭-১১২; দিরায়াহ২/৩৫; নাইল ৫/১৫৭-১৫৯।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন